

# ডিএনসিসি মার্কেটের একাংশের উদ্ধার কাজ সমাপ্ত

## অনলাইন ডেস্ক



ফাইল ছবি

রাজধানীর গুলশান-১ এর ডিএনসিসি মার্কেটে অগ্নিকাণ্ডের ঘটনায় ধসে পড়া ভবনের একাংশের উদ্ধার কাজ আনুষ্ঠানিকভাবে সমাপ্ত ঘোষণা করা হয়েছে। বৃহস্পতিবার এ ঘোষণা দেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক।

দুপুরে সংবাদ সম্মেলনে মেয়র বলেন, ওই অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের অস্থায়ীভাবে ব্যবসা করার সুযোগ করে দেবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। আজ থেকেই মার্কেটের ওই অংশে একটি অস্থায়ী মার্কেট তৈরির কাজ শুরু করা হবে।

বিডি-প্রতিদিন/এস আহমেদ